গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারকনম্বর : ৩৮.০১.০০০০.৬০০.২৫.০২৪.২৪.৮৫২

তারিখ : ০৩ পৌষ ১৪৩১ / ১৮ ডিসেম্বর ২০২৪

**বিষয়: প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত পরিমার্জিত নির্দেশাবলী।**

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে দেশের ৫০৫টি ইউআরসি/টিআরসিতে ১৪ (চৌদ্দ) দিনব্যাপী প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৬০০.২৫.০২৪.২৪.৬৯৫, তারিখ: ২০ নভেম্বর ২০২৪ মূলে জারিকৃত নির্দেশনা পত্র এতদ্বারা বাতিলক্রমে নিম্নোক্ত সংশোধিত নির্দেশাবলী জারি করা হলো:

**১. প্রশিক্ষণ পরিচালনা:**

**ক)** প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত তারিখে প্রশিক্ষণ শুরু করতে হবে। বিশেষ কোন কারণে সময় পরিবর্তন করতে হলে তা লিখিতভাবে leadership.dpe@gmail.com ইমেইলে প্রেরণপূর্বক প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অবহিত করতে হবে।।

**খ)** সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার ও শনিবার) প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।

**গ)** প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে।

**ঘ)** পরিমার্জিত 'প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ ম্যানুয়াল ২০২৪' ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। এক্ষেত্রে, ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগ থেকে ইমেইলে প্রেরিত প্রশিক্ষণ ম্যানুয়াল ও তথ্যপত্রের সফট কপি সংগ্রহ করে সংশ্লিষ্ট প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণকে সরবরাহ করবেন এবং প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রয়োজনীয় উপকরণাদি সরবরাহ করবেন। **উল্লেখ্য, অনুমোদিত লিডারশিপ ম্যানুয়ালের প্রথম পৃষ্ঠায় 'মে ২০২৪' লেখা আছে।**

**ঙ)** প্রশিক্ষণের প্রতিব্যাচে ২৫ জন প্রধান শিক্ষক প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করবেন। কোনক্রমেই একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।

**চ)** ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ বর্ণিত প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করবেন। তবে ইন্সট্রাক্টর প্রশিক্ষক এর দায়িত্ব পালন করলে সহকারী ইন্সট্রাক্টর কোর্স-কোঅর্ডিনেটরের দায়িত্ব পালন করবেন। ইন্সট্রাক্টর বা সহকারী ইন্সট্রাক্টর এর যে কোনো একটি পদ শূন্য থাকলে সংশ্লিষ্ট ইন্সট্রাক্টর বা সহকারী ইন্সট্রাক্টর প্রশিক্ষকের দায়িত্ব পালন করলে তিনি উক্ত দায়িত্বের পাশাপাশি কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্বও পালন করবেন, তবে সেক্ষেত্রে শুধুমাত্র একটি খাত হতে (কোর্স কো-অর্ডিনেটর/প্রশিক্ষক) সম্মানী ও ভাতা গ্রহণ করবেন।

**ছ)** প্রতি ব্যাচ প্রশিক্ষণে ইউআরসি/টিআরসি-এর সহকারী ইন্সট্রাক্টর 'সহায়ক কর্মকর্তা' হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন বা শূন্যপদ বা ছুটিজনিত কারণে ইউআরসি/টিআরসি এর সহকারী ইন্সট্রাক্টর কর্তৃক 'সহায়ক কর্মকর্তা' হিসেবে দায়িত্ব পালন করার সুযোগ না থাকলে সংশ্লিষ্ট উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত একজন সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার 'সহায়ক কর্মকর্তা' হিসেবে দায়িত্ব পালন করবেন।

**জ)** প্রতি ব্যাচ প্রশিক্ষণে ০২ জন 'সহায়ক কর্মচারী' হিসেবে দায়িত্ব পালন করবেন।

**ঝ)** প্রশিক্ষণ শেষে প্রশিক্ষকগণ প্রশিক্ষণার্থীগণের মূল্যায়ন করবেন। কোর্স কো-অর্ডিনেটর প্রশিক্ষণার্থীগণের মূল্যায়ন প্রতিবেদন সংগ্রহপূর্বক ইউআরসি/টিআরসিতে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এক কপি মূল্যায়ন প্রতিবেদন উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন।

**ঞ)** ব্যাচওয়ারী প্রশিক্ষণের সমাপনী দিনে সকল অংশগ্রহণকারীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করতে হবে।

**ট)** ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাজেট বিভাজন অনুসারে প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করবেন। তিনি যে কোনো আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

**ঠ)** বিভাগীয় উপপরিচালক, সহকারী পরিচালক, শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক অফিসার, পিটিআই এর সুপারিনটেনডেন্ট এবং সহকারী সুপারিনটেনডেন্টগণ প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ পরিবীক্ষণ করতে পারবেন। এক্ষেত্রে পরিবীক্ষণকারী কর্মকর্তাগণ নিজ নিজ কর্মস্থল থেকে বিধি মোতাবেক টিএ/ডিএ গ্রহণ করবেন।

**২. প্রশিক্ষণার্থী নির্বাচন:**

**ক)** উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরের সাথে সমন্বয়পূর্বক আওতাধীন ক্লাস্টারভিত্তিক প্রধান শিক্ষকের নাম ও মোবাইল নম্বর এবং অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক ব্যাচভিত্তিক প্রশিক্ষণার্থী মনোনীত করবেন এবং ডেপুটেশন আদেশ জারি করবেন। প্রশিক্ষণার্থী হিসেবে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের 'প্রধান শিক্ষক' ও 'প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব)' পদে কর্মরত শিক্ষকগণকে মনোনীত করতে হবে। তবে যদি কোনো ব্যাচে উক্ত ০২ ক্যাটেগরির প্রধান শিক্ষকগণকে মনোনীত করার পরেও ২৫ জন প্রশিক্ষণার্থীর ব্যাচ পূর্ণ না হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণকে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত করা যেতে পারে।

**খ)** পিইডিপি৪ এর আওতায় ২০২৪ সালে প্রণীত 'প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ ম্যানুয়াল' এর মাধ্যমে যাদের প্রশিক্ষণ হয়নি সে সকল প্রশিক্ষণবিহীন প্রধান শিক্ষক লিডারশিপ প্রশিক্ষণ প্রাপ্য হবেন, তবে যে সকল প্রধান শিক্ষক ২০২৪ সালের পূর্বে কোনো লিডারশিপ প্রশিক্ষণ গ্রহণ করার সুযোগ পাননি সে সকল প্রধান শিক্ষককে অগ্রাধিকারভিত্তিতে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত করতে হবে।

**গ)** প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে ক্লাস্টারভিত্তিক সমতা/সমহার রক্ষার বিষয়টিকে গুরুত্ব দিতে হবে।

**ঘ)** বিদ্যালয়ের শ্রেণিপাঠদান কার্যক্রমে ব্যাঘাত না ঘটে এমনভাবে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে।

**ঙ)** ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ যথানিয়মে IPEMIS সফটওয়্যারে ব্যাচওয়ারী প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত তথ্য এন্ট্রি করবেন। তথ্য এন্ট্রিজনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ই-মেইলে (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে। উপজেলা শিক্ষা প্রাথমিক অফিসারগণ IPEMIS সফটওয়্যারে ব্যাচওয়ারী প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষক তথ্য এন্ট্রি যাচাই করবেন।

**চ)** যদি কোন উপজেলা বা থানায় প্রয়োজনীয় প্রশিক্ষণার্থীর সংখ্যা কম থাকে সেক্ষেত্রে একই জেলার পার্শ্ববর্তী উপজেলার প্রধান শিক্ষকগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ডেপুটেশন প্রদান করবেন।

**৩. প্রশিক্ষক নির্বাচন:**

**ক)** লিডারশিপ প্রশিক্ষণের প্রতিব্যাচে ০২ (দুই) জন কর্মকর্তা প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। যে সকল কর্মকর্তাগণ ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণে কোর ট্রেইনার বা মাস্টার ট্রেইনার বা ট্রেইনার (TOT প্রাপ্ত) হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন শুধুমাত্র সে সকল কর্মকর্তাগণকে প্রশিক্ষক হিসেবে মনোনীত করতে হবে।

**খ)** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট আন্তঃসমন্বয়পূর্বক জেলার আওতাধীন উপজেলাসমূহে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ পরিচালনার জন্য জেলাধীন সংশ্লিষ্ট কোর ট্রেইনার, মাস্টার ট্রেইনার ও ট্রেইনারগণের মধ্য থেকে প্রশিক্ষক মনোনীত করবেন এবং নিজ নিজ আওতাধীন মনোনীত প্রশিক্ষকের ডেপুটেশন আদেশ জারি করবেন। উল্লেখ্য, লিডারশিপ ট্রেনিং সেন্টার, কক্সবাজার এর কর্মকর্তাগণকেও মনোনীত করা যাবে (সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে)। জেলার অভ্যন্তরে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষক না পাওয়া গেলে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের অনুমোদন সাপেক্ষে পার্শ্ববর্তী/নিকটবর্তী জেলা থেকে প্রশিক্ষক মনোনীত করা যাবে।

**৪. নবসৃষ্ট উপজেলার প্রশিক্ষণ:**

**ক)** নবসৃষ্ট উপজেলাসমূহে কস্ট সেন্টার (cost-centre) না থাকায় উক্ত উপজেলার অনুকূলে প্রাপ্য প্রশিক্ষণ ব্যাচের অর্থ বরাদ্দ সাবেক উপজেলা/থানা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর বরাবর প্রেরণ করা হয়েছে এবং তিনি ডিডিও হিসেবে দায়িত্ব পালন করবেন। নবসৃষ্ট উপজেলা/থানার অনুকূলে নির্ধারিত/বরাদ্দকৃত ব্যাচ সংখ্যা পত্রের মাধ্যমে জানানো হবে। এ সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসারগণ অত্র নির্দেশনা অনুসরণপূর্বক নিজ নিজ উপজেলার প্রশিক্ষণার্থী মনোনীত ও ডেপুটেশন আদেশ জারি করবেন। নিম্নোক্ত উপজেলার 'প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ' সংশ্লিষ্ট সাবেক উপজেলায় অনুষ্ঠিত হবে:

| জেলা: | চট্টগ্রাম | খাগড়াছড়ি | কুমিল্লা | নাটোর | বরগুনা | হবিগঞ্জ | সিলেট | ময়মনসিংহ |
|---|---|---|---|---|---|---|---|---|
| নবসৃষ্ট উপজেলা | কর্ণফুলী | গুইমারা | লালমাই | নলডাংগা | তালতলী | শায়েস্তাগঞ্জ | ওসমানীনগর | তারাকান্দা |
| সাবেক উপজেলা | পটিয়া | মাটিরাঙ্গা | লাকসাম | সদর | আমতলী | সদর | বালাগঞ্জ | ফুলপুর |

**খ)** নবসৃষ্ট উপজেলার প্রশিক্ষণ ব্যাচসমূহে (বরাদ্দপত্রে উল্লিখিত সংখ্যক) 'কোর্স কোঅর্ডিনেটর', 'সহায়ক কর্মকর্তা' ও 'সহায়ক কর্মচারী' হিসেবে নবসৃষ্ট উপজেলার কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য থেকে অত্র নির্দেশাবলী বর্ণিত **১. চ, ছ এবং জ** মোতাবেক নির্ধারিত/মনোনীত কর্মকর্তা ও কর্মচারীগণ দায়িত্ব পালন করবেন।

০২। পিটিআই সুপারিনটেনডেন্টগণ সংশ্লিষ্ট জেলার প্রশিক্ষণ সমাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রশিক্ষণার্থী, প্রশিক্ষকের নাম, সংখ্যা এবং ব্যয়িত ও উদ্বৃত্ত অর্থের হিসাব বিবরণীসহ (SOE) সকল উপজেলা/থানার তথ্য সমন্বিত করে একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক সফটকপি ইমেইলযোগে এবং হার্ডকপি ডাকযোগে পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। এ বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৮/১২/২০২৪

মোঃ শাহ আলম সরকার
সহকারী পরিচালক
প্রশিক্ষণ বিভাগ

ইন্সট্রাক্টর,
ইউআরসি/টিআরসি (সকল)

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৬০০.২৫.০২৪.২৪.৮৫২

তারিখ : ০৩ পৌষ ১৪৩১
১৮ ডিসেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় উপপরিচপালক (সকল).........................................................................।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল),.....................জেলা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ................ উপজেলা, .............. জেলা (বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট নির্দেশাবলী অনুসরণপূর্বক প্রতি ব্যাচে ২৫ জন প্রধান শিক্ষককে ডেপুটেশন প্রদানের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. মহাপরিচালক (রাজস্ব/পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।

১৮/১২/২০২৪

মোঃ শাহ আলম সরকার
সহকারী পরিচালক
প্রশিক্ষণ বিভাগ।